আজকের কাগজ

তারিখ ...
পৃষ্ঠা ১ কলাম ৮

# দেড়শ' সরকারি কলেজের প্রায় ৭ হাজার শিক্ষক ধর্মঘটে রয়েছেন

কাগজ প্রতিবেদক ঃ দেশের 'দেড়শ' সরকারি কলেজের শিক্ষকরা ধর্মঘটে রয়েছেন। সরকারি কলেজ অধ্যাপক সমিতি ও প্রভাষক সমিতির ডাকে গতকাল থেকে প্রতিদিন দুপুর ১২টা থেকে ৪টা পর্যন্ত চার ঘন্টার এ ধর্মঘট শুরু হয়েছে। জানা গেছে দেশে মোট সরকারি কলেজের সংখ্যা ২৪৯ টি। এর মধ্যে কয়েকটি কলেজ বন্ধ রয়েছে এবং কিছু কলেজে পরীক্ষা চলায় তা ধর্মঘটের আওতামুক্ত রয়েছে। সরকারি কলেজের মোট শিক্ষকের সংখ্যা প্রায় ১২ হাজার। বর্তমানে এর মধ্যে প্রায় ৬/৭ হাজার শিক্ষক ধর্মঘট পালন করছেন বলে নেতারা জানিয়েছেন।

এ ধর্মঘট কর্মসূচি চলবে ৩০ এপ্রিল পর্যন্ত। ৩০ এপ্রিল মিরপুর সরকারি বাংলা কলেজে প্রভাষক সমিতি ও অধ্যাপক সমিতির বর্ধিত সভায় পরবর্তী কর্মসূচি নেয়া হবে। সমিতির সভাপতি জানিয়েছেন বর্তমানে পরীক্ষা ধর্মঘটের আওতামুক্ত রয়েছে। ৩০ এপ্রিলের মধ্যে দাবি মানা না হলে পরীক্ষাও ধর্মঘটের আওতায় আনা হতে

এদিকে আগামী ২৫ এপ্রিল সকল সরকারি কলেজ, বৃহত্তর জেলা শিক্ষক কমিটি, বিভাগীয় কমিটির পক্ষ থেকে ডিসির কাছে স্মারকলিপি প্রদান এবং শিক্ষা সচিব ও শিক্ষামন্ত্রীর কাছে স্মারকলিপি প্রদান করা হবে। বৃহত্তর আন্দোলনের জন্যে নেতারা জেলা ও বিভাগীয় সদর, জনমত গঠন, স্বাক্ষর সংগ্রহ করবেন। ২৩ এপ্রিল খুলনা ও ২৪ এপ্রিল বরিশালে বিভাগীয় সম্মেলনে পরবর্তী কর্মসূচি নিয়ে আলোচনা হবে বলে জানা গেছে।